

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৬০০.২৫.০১৯.২৩.২৫

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯

২৭ মার্চ ২০২৩

বিষয়: নবনিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকগণের ইনডাকশন প্রশিক্ষণ আয়োজন সম্পর্কিত।

চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ২০২২-২৩ অর্থবছরে ২৯১টি উপজেলা/থানা রিসোর্স সেন্টারে প্রাথমিক বিদ্যালয়ের নবনিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকগণের ১০ দিনব্যাপী ৪৩৪টি ব্যাচে ইনডাকশন প্রশিক্ষণ প্রদানের প্রশাসনিক অনুমোদন রয়েছে। উক্ত প্রশিক্ষণ প্রদানের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অর্থ বিভাগের সূত্রোস্থ স্মারক ৩৮.১৫০.১৮০.০২৫.০০.০৬.০৫২.২০১৯.৬২৭, তারিখ: ২২ মার্চ ২০২৩ মোতাবেক বরাদ্দ ও ব্যয় মঞ্জুরী প্রদান করা হয়েছে। প্রশিক্ষণটি আগামী ২৯ মার্চ ২০২৩ তারিখ থেকে শুরু করতে হবে।

২। প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে হবে:

- ১) প্রশিক্ষণের সময়কাল ১০ দিন এবং প্রশিক্ষণ শুরু করার পর বিরতিহীনভাবে (জাতীয় দিবসমূহ ও সরকারি ছুটির দিন ব্যতীত) প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে;
- ২) প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থী সংখ্যা হবে সর্বনিম্ন ২০ জন এবং সর্বোচ্চ ২৫ জন;
- ৩) একই উপজেলা থেকে শিক্ষক পাওয়া না গেলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের মাধ্যমে একই জেলার অন্য উপজেলা থেকে শিক্ষক ডেপুটেশন দেয়া যাবে। তাছাড়া ২০১৮ সালের সহকারী শিক্ষক হিসেবে নিয়োগপ্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যোগদানকৃত কোন শিক্ষক ডিপিএড ও ইনডাকশন প্রশিক্ষণ গ্রহণ না করে থাকলে তাদেরকে এ প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করা যাবে;
- ৪) সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নবনিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকগণ এ প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিস হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে ব্যাচ ও অংশগ্রহণকারীদের সংখ্যা নির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। উল্লেখ্য, সহকারী শিক্ষক (প্রাক-প্রাথমিক) হিসেবে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ এ প্রশিক্ষণে অন্তর্ভুক্ত হবে না;
- ৫) প্রশিক্ষণ ম্যানুয়াল অনুসারে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রশিক্ষণ পরিচালনার প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করে নির্ধারিত দিনে সরবরাহ করবেন;
- ৬) উপজেলা/থানা শিক্ষা অফিসার প্রশিক্ষণ পরিকল্পনা অনুযায়ী ব্যাচের অংশগ্রহণকারীদের ডেপুটেশন প্রদান করবেন। উপজেলা/থানা শিক্ষা অফিসার শিক্ষকের নাম, পদবী ও অন্যান্য তথ্যাদি **Primary Education Management Information System** বা **PEMIS** সফটওয়্যার এ এন্ট্রি করে কেবলমাত্র সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নবনিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষককে ইনডাকশন প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দিবেন। **PEMIS** সফটওয়্যার এ এন্ট্রি ব্যতীত এ প্রশিক্ষণে মনোনয়ন দেয়া যাবে না;
- ৭) প্রতি ব্যাচে ০২ (দুই) জন প্রশিক্ষক থাকবেন। ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর অথবা সহকারী ইন্সট্রাক্টর ০১ (এক) জন এবং উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক নির্বাচিত সহকারী উপজেলা শিক্ষা অফিসার ০১ (এক) জন। প্রশিক্ষক নিয়োগের ক্ষেত্রে ইতোপূর্বে যারা ইনডাকশন প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং দক্ষ তাদের মধ্যে থেকে নির্বাচন করতে হবে। প্রশিক্ষকের সংকট হলে সুপারিনটেনডেন্ট, পিটিআই এর সাথে যোগাযোগ করে অন্য ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর/পিটিআই ইন্সট্রাক্টর অথবা জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করে সহকারী উপজেলা শিক্ষা অফিসার মনোনয়নের ব্যবস্থা করবেন;

- ৮) প্রতিদিন সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত প্রশিক্ষণ পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীদের সকাল ০৮:৩০ ঘটিকায় প্রশিক্ষণ ভেন্যুতে উপস্থিতি নিশ্চিত করতে হবে;
- ৯) ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ আলোচ্য প্রশিক্ষণের জন্য আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং যে কোন ধরনের আর্থিক অনিয়মের জন্য ব্যক্তিগতভাবে তিনি দায়ী থাকবেন;
- ১০) নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে কোন শিক্ষককে ইনডাকশন প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দিলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। প্রশিক্ষণ সমাপ্তির ০৩ দিনের মধ্যে ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকগণের নাম, সংখ্যাসহ একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন (হার্ডকপি) প্রশিক্ষণ বিভাগে প্রেরণ করবেন।

সংযুক্তি: ১) বাজেট বিভাজন – ০১ (এক) পাতা।

২) PEMIS সফটওয়্যার সম্পর্কিত পত্র - ০২ (দুই) পাতা।

৩) বরাদ্দ ও ব্যয় মঞ্জুরী – ১৫ (পনের) পৃষ্ঠা।

২৭-৩-২০২৩

মোঃ মাহবুবুর রহমান বিল্লাহ

উপপরিচালক (প্রশিক্ষণ)

ফোন: ৫৫০৭৪৮৯১

ফ্যাক্স: 02-9038122

ইমেইল:

mahbub_billah@yahoo.co.uk

ইন্সট্রাক্টর উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল)

..... উপজেলা/থানা

..... জেলা

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৬০০.২৫.০১৯.২৩.২৫/১(২৪৯)

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯

২৭ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৩) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)
- ৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৫) উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)
- ৬) উপজেলা/থানা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)
- ৭) মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৮) অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২৭-৩-২০২৩

মোঃ মাহবুবুর রহমান বিল্লাহ

উপপরিচালক